২। সংজ্ঞা।— [১][বিষয় বা প্রসংগের] পরিপন্থি কিছু না থাকিলে, এই আইনে —

(ক) "অব্যাহতিপ্রাপ্ত" অর্থ এই আইনের অধীন মূল্য সংযোজন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত পণ্য ও সেবা;

(খ) "উৎপাদ কর" (output tax) অর্থ এই আইনের অধীন আরোপিত মূল্য সংযোজন কর [২][* * * *];

[৩][(গ) "উপকরণ" (input) অর্থ,

(অ) শ্রম, ভূমি, ইমারত, অফিস যন্ত্রপাতি ও যানবাহন ব্যতিরেকে, সকল প্রকার কাঁচামাল, [৪]["ল্যাবরেটরি রিএজেন্ট, ল্যাবরেটরি ইকুইপমেন্ট, ল্যাবরেটরি এক্সেসরিজ"] [৫][যে কোন গ্যাস, জ্বালানী হিসাবে ব্যবহৃত যে কোন পদার্থ, মোড়ক সামগ্রী], সেবা এবং যন্ত্রপাাতি ও যন্ত্রাংশ;

(আ) ব্যবসায় পরিচালনার ক্ষেত্রে, বিক্রয়, বিনিময় বা প্রকারান্তরে হস্তান্তরের উদ্দেশ্যে আমদানীকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্য;

[৬][(ঘ) "উপকরণ কর" (input tax) অর্থে নিবন্ধিত ব্যক্তি কর্তৃক আমদানিকৃত বা তৎকর্তৃক অন্য কোন নিবন্ধিত ব্যক্তির নিকট হইতে ক্রীত উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন কর এবং আমদানিকৃত উপকরণের উপর আমদানি পর্যায়ে উৎসে কর্তিত মূল্য সংযোজন করও ইহার অন্তর্ভুক্ত হইবে;]

[৭][*******]

[৮][(ঘঘ) "কর" অর্থ সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার ক্ষেত্রে প্রদেয় মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক এবং ধারা ১৩-তে বর্ণিত ক্ষেত্রসমূহে উপকরণের উপর প্রদত্ত মূল্য সংযোজন, সম্পূরক শুল্ক, আমদানী শুল্ক, আবগারী শুল্ক ও অন্যান্য সকল প্রকার শুল্ক ও করও (আগাম আয়কর ব্যতীত) ইহার অন্তর্ভুক্ত হইবে;]

(ঙ) "কর মেয়াদ" অর্থ এক মাসের মেয়াদ অথবা সরকার, সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এতদুদ্দেশ্যে নির্ধারণ করিতে পারে এইরূপ কোন মেয়াদ;

(চ) "করযোগ্য পণ্য" অর্থ প্রথম তফসিলের অন্তর্ভুক্ত নহে এইরূপ কোন পণ্য;

[৯][(ছ) "করযোগ্য সেবা" অর্থ দ্বিতীয় তফসিলে অন্তর্ভুক্ত নহে এইরূপ কোন সেবা"]

(জ) [১০]["কমিশনার"] অর্থ ধারা ২০ এর অধীন নিযুক্ত কোন [কামিশনার], মূল্য সংযোজন কর;

(ঝ) "চলতি হিসাব" অর্থ নিবন্ধিত ব্যক্তি কর্তৃক নির্ধারিত [১১][ফরমে] [১২][কমিশনারের] সহিত রক্ষিত হিসাব যাহাতে তাহার ক্রয়, বিক্রয়, ট্রেজারী জমা, প্রদেয় এবং রেয়াতযোগ্য মূল্য সংযোজন কর এবং প্রযোজ্য ক্ষেত্রে, অন্যান্য করের বিবরণী লিপিবদ্ধ থাকিবে;

(ঞ) [১৩]["চালানপত্র" অর্থ ধারা ৩২ এর অধীন প্রদত্ত চালানপত্র"];

[১৪][******]

১। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(২) (ক) বলে "বিষয় এবং প্রসংগের" শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

২। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(২) (খ) বলে "বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক" শব্দগুলি ও কমাগুলি বিলুপ্ত।

৩। অর্থ আইন, ১৯৯৬ (১৯৯৬ সনের ১৮ নং আইন) এর ধারা ৬(১) (ক) বলে মূল দফা (গ) এর পরিবর্তে প্রতিস্থাপিত।

৪। অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৬৯(ক) বলে "কাঁচামাল," শব্দ ও কমার পর "ল্যাবরেটরি রিএজেন্ট, ল্যাবরেটরি ইকুইপমেন্ট, ল্যাবরেটরি এক্সেসরিজ" শব্দগুলি ও কমাগুলি সন্নিবেশিত।

৫। অর্থ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ১৪ নং আইন) এর ধারা ৭(২)(ক) বলে শব্দগুলি ও কমাগুলি প্রতিস্থাপিত।

৬। অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৬৯(খ) বলে দফা (ঘ) এর পরিবর্তে নতুন দফা (ঘ) প্রতিস্থাপিত।

৭। অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৫(ক) বলে দফা (ঘঘ) বিলুপ্ত।

৮। অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৬ (ক) বলে বিলুপ্ত দফা (ঘঘ) এর পর দফা (ঘঘঘ) সন্নিবেশিত।

৯। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা (৮৫)(ক) বলে দফা (ছ) এর পরিবর্তে প্রতিস্থাপিত।

১০। অর্থ আইন, ১৯৯৫ (১৯৯৫ সনের ১২ নং আইন) এর ধারা ৮(১) বলে "কমিশনার" শব্দটি প্রতিস্থাপিত।

১১। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(১) বলে "ফর্মে" শব্দটির পরিবর্তে প্রতিস্থাপিত।

১২। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৫(খ) বলে "কালেক্টরের" শব্দটির পরিবর্তে "কমিশনের" শব্দটি প্রতিস্থাপিত।

১৩। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৫(গ) বলে দফা (ঞ) এর পরিবর্তে নতুন দফা (ঞ) প্রতিস্থাপিত।

১৪। অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৫(খ) বলে দফা (ঞঞ) বিলুপ্ত।

(ট) "টার্ণওভার" অর্থ কোন ব্যক্তি কর্তৃক কোন নির্দিষ্ট সময়ে তাহার দ্বারা প্রস্তুতকৃত বা উৎপাদিত করযোগ্য পণ্যের সরবরাহ বা করযোগ্য সেবা প্রদান হইতে প্রাপ্য বা প্রাপ্ত সমুদয় অর্থ;

(ঠ) "তফসিল" অর্থ এই আইনের সহিত সংযুক্ত কোন তফসিল;

(ড) "দলিলপত্র" অর্থ কাগজ বা অন্য কোন পদার্থের উপর অক্ষর, অংক, সংকেত বা চিহ্নের সাহায্যে প্রকাশিত বা বর্ণিত কোন বিষয় এবং যে কোন ধরণের ইলেকট্রনিক উপাত্ত, কম্পিউটার কার্যক্রম, কম্পিউটার ফিতা (tape), কম্পিউটার ডিস্ক বা যে কোন ধরণের উপাত্তধারক মাধ্যম ইহার অন্তর্ভুক্ত হইবে;

[১৫][*****]";

(ঢ) "দাখিলপত্র" অর্থ এই আইনের ধারা ৩৫ এর অধীন প্রদেয় দাখিলপত্র;

[১৬][(ণ) "নির্ধারিত তারিখ" অর্থ-

(অ) মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক পরিশোধের ক্ষেত্রে, ধারা ৬ এর অধীন কর পরিশোধের সময়; এবং

(আ) দাখিলপত্র (return) পেশকরণের ক্ষেত্রে, বিধি দ্বারা নির্ধারিত দাখিলপত্র পেশকরণের সময়।";]

[১৭][(ণণ)] [১৮]["পণ"] অর্থ পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে প্রাপ্ত অথবা প্রাপ্য সমুদয় অর্থ অথবা অর্থের মাধ্যমে পরিমাপযোগ্য মূল্য];

(ত) "পণ্য" অর্থ শেয়ার, ষ্টক, মুদ্রা, জামানত (security) ও আদায়যোগ্য দাবী ব্যতীত সকল প্রকার অস্থাবর সম্পত্তি;

(থ) "প্রস্তুতকারক" বা "উৎপাদক" বলিতে নিম্নোক্ত কোন কার্যে নিয়োজিত ব্যক্তিও অন্তর্ভুক্ত হইবেন, যথাঃ —

(অ) কোন পদার্থ এককভাবে অথবা অন্য কোন পদার্থ, সরঞ্জাম (materials) বা উৎপাদনের অংশবিশেষ (components) এর সহিত সংযোগ বা সম্মেলনের দ্বারা প্রক্রিয়াকরণের মাধ্যমে অন্য কোন সুনির্দিষ্ট পদার্থ বা পণ্যে রূপান্তরকরণ বা উহাকে এইরূপে পরিবর্তিত, রূপান্তরিত বা পুনরাকৃতি প্রদানকরণ যাহাতে উক্ত পদার্থ ভিন্নভাবে বা সুনির্দিষ্টভাবে ব্যবহারের উপযোগী হয়;

(আ) পণ্যের প্রস্তুতি সম্পন্ন করার জন্য কোন আনুষঙ্গিক বা সহায়ক প্রক্রিয়া;

(ই) মুদ্রন, প্রকাশনা, শিলালিপি বা মিনাকরণ প্রক্রিয়া;

(ঈ) সংযোজন, মিশ্রন, কর্তন, তরলীকরণ, বোতলজাতকরণ, মোড়কাবদ্ধকরণ, বা পুণঃ মোড়কাবদ্ধকরণ;

(উ) কোন প্রস্তুতকারক বা উৎপাদকের দেউলিয়াত্বের ক্ষেত্রে কোন স্বত্ব-নিয়োগী বা অছি, অবসায়ক, নির্বাহক বা তত্ত্বাবধায়কের কার্য এবং এইরূপ কোন ব্যক্তির কার্য যিনি আস্থাভাজনের যোগ্যতায় তাহার পরিসম্পতের নিষ্পত্তি করেন;

[১৯][(ঊ) অর্থের বিনিময়ে নিজস্ব প্লান্ট, মেশিনারী বা যন্ত্রপাতি দ্বারা অন্য কোন ব্যক্তির মালিকানাধীন কাঁচামাল বা উপকরণ ব্যবহার করিয়া কোন পণ্য প্রস্তুতকরণ বা উৎপাদনকরণ;]

[২০][(থথ) **"বাণিজ্যিক আমদানীকারক"** বলিতে এমন ব্যক্তিকে বুঝাইবে, যিনি তৎকর্তৃক প্রথম তফসিলে উল্লিখিত পণ্য ব্যতীত অন্য যে কোন পণ্য আমদানীপূর্বক পণ্যের কোনরূপ আকৃতি,

---

[১৫]। অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৫(ক) বলে দফা (ডড) বিলুপ্ত।

[১৬]। অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৩১(১) বলে দফা (ণ) এর পরিবর্তে প্রতিস্থাপিত।

[১৭]। অর্থ আইন, ২০০১ (২০০১ সনের ৩০ নং আইন) এর ধারা ৭১(খ) বলে দফা "পণ" দফা "ণণ" পুনঃসংখ্যায়িত এবং প্রতিস্থাপিত।

[১৮]। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৫(ঘ) বলে নূতন দফা "পণ" সন্নিবেশিত।

[১৯]। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(২) (ঘ) বলে উপ-দফা (উ) সন্নিবেশিত।

[২০]। অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৫(খ) বলে দফা (থথ), (থথথ) ও (থথথথ) প্রতিস্থাপিত।

প্রকৃতি, বৈশিষ্ট্য বা গুণগত পরিবর্তন না করিয়া [২১][“পণের বিনিময়ে”] অন্য কোন ব্যক্তির নিকট বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করেন;

(থথথ) **“বাণিজ্যিক দলিল”** অর্থ কোন ব্যক্তির বাণিজ্যিক লেনদেন বা তাঁহার ব্যবসায়ের আর্থিক অবস্থাজ্ঞাপক কোন লেনদেন লিপিবদ্ধ করিবার জন্য উক্ত ব্যক্তি কর্তৃক রক্ষিত সংশ্লিষ্ট হিসাবরক্ষণ বহি বা নথিপত্র বা কাগজপত্র যথা, ডেবিট ভাউচার, ক্রেডিট ভাউচার, ক্যাশ মেমো, দৈনিক ক্রয়-বিক্রয় হিসাব, ক্যাশ বহি, প্রাথমিক বা জাবেদা বহি, ব্যাংক একাউন্ট ও তৎসংশ্লিষ্ট হিসাব বা নথিপত্র, রেওয়ামিল, খতিয়ান, আর্থিক বিবরণী ও বিশ্লেষণী সমূহ, লাভ-লোকসান হিসাব, লাভ-লোকসান সমন্বয় হিসাব, ব্যাংক হিসাব সমন্বয় ও স্থিতিপত্র এবং নিরীক্ষা প্রতিবেদনসহ সংশ্লিষ্ট যে কোন দলিল;

(থথথথ) **“ব্যবসায়ী”** বলিতে এমন ব্যক্তিকে বুঝাইবে যিনি তৎকর্তৃক আমদানীকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্যকোনভাবে সংগৃহীত পণ্যের কোনরূপ আকৃতি, প্রকৃতি, বৈশিষ্ট্য বা গুনগত পরিবর্তন না করিয়া [২২][“পণের বিনিময়ে] অন্য কোন ব্যক্তির নিকট বিক্রয় বা অন্যবিধভাবে হস্তান্তর করেন।” ।]

[২৩][(থথথথথ) “বিভাগীয় কর্মকর্তা” অর্থ ম—ল্য সংযোজন কর বিভাগীয় কার্যালয়ের দায়িত্বে নিয়োজিত কোন ম—ল্য সংযোজন কর কর্মকর্তা এবং বিভাগীয় কর্মকর্তার যে কোন কার্য সম্• াদনের জন্য দায়িত্বপ্রাপ্ত ম—ল্য সংযোজন কর বৃহৎ করদাতা ইউনিট এর সহকারী কমিশনার পদের নিম্নে নহেন এমন পদমর্যাদার কোন কর্মকর্তা;]

(দ) “বিধি” অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

[২৪][*******]

[২৫][“(দদদ) “বিল অব এন্ট্রি” অর্থ Customs Act, 1969 (IV of 1969) এর section 2(c) তে সংজ্ঞায়িত “bill of entry”;

(দদদদ) “বিল অব এক্সপোর্ট” অর্থ Customs Act, 1969 (IV of 1969) এর section 2(d) তে সংজ্ঞায়িত “bill of export”] ।

(ধ) “বোর্ড” অর্থ National Board of Revenue Order, 1972 (P.O. No. 76 of 1972) এর অধীন গঠিত National Board of Revenue;

[২৬](ধধ) **“বৃহৎ করদাতা ইউনিট (Large Taxpayer Unit বা LTU)”** অর্থ ধারা ৮ঘ এর অধীন গঠিত বৃহৎ করদাতা ইউনিট।

[২৭][(ন) “ব্যক্তি” অর্থে কোন ব্যক্তি, নিগমিত হউক বা না হউক, কোন কোম্• ানী বা সমিতি, অংশীদারী কারবার, ফার্ম, সংবিধিবদ্ধ বা অন্যবিধ সংস্থা বা প্রতিষ্ঠান বা উহাদের প্রতিনিধিও ইহার অন্@র্ভুক্ত হইবে;]

(প) “মূল্য সংযোজন কর কর্মকর্তা” অর্থ আইনের ধারা ২০ এর অধীন নিযুক্ত কোন কর্মকর্তা;

(ফ) “শূন্য করারোপযোগ্য পণ্য বা সেবা” অর্থ রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য কোন পণ্য বা সেবা বা ধারা ৩ এর উপ-ধারা (২) এ উল্লিখিত কোন খাদ্য বা অন্য কোন সামগ্রী যাহার উপর মূল্য সংযোজন কর বা, ক্ষেত্রমত, সম্পূরক শুল্ক আরোপিত হইবে না এবং যাহার প্রস্তুতকরণ বা উৎপাদনে ব্যবহৃত উপকরণসমূহের উপর প্রদত্ত সকল কর ও শুল্ক ([২৮][আগাম আয়কর এবং রপ্তানি পণ্য প্রস্তুতকরণে বা উৎপাদনে ব্যবহৃত, সরকার কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা

---

[২১]। অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৬(খ) বলে “পণ্যের বিনিময়ে” শব্দগুলির পরিবর্তে “পণের বিনিময়ে” শব্দগুলি প্রতিস্থাপিত।

[২২]। অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৬(গ) বলে “পণ্যের বিনিময়ে” শব্দগুলির পরিবর্তে “পণের বিনিময়ে” শব্দগুলি প্রতিস্থাপিত।

[২৩]। অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৬(ঘ) বলে ন—তন দফা (থথথথথ) সন্নিবেশিত।

[২৪]। অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৫(গ) বলে দফা (দদ) বিলুপ্ত।

[২৫]। অর্থ আইন, ২০০০ (২০০০ সনের ১৫ নং আইন) এর ধারা ৮৫(ঙ) বলে নূতন দফা (দদদ) ও (দদদদ) সন্নিবেশিত।

[২৬]। অর্থ আইন, ২০০৪ (২০০৪ সনের ১৬ নং আইন) এর ধারা ৪৫(গ) বলে দফা (ধ) এর পর নূতন দফা (ধধ) সন্নিবেশিত হইবে।

[২৭]। অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭১(ঙ) বলে দফা (ন) এর পরিবর্তে নতুন দফা (ন) প্রতিস্থাপিত।

[২৮]। অর্থ আইন, ১৯৯২ (১৯৯২ সনের ২১ নং আইন) এর ধারা ১১(২) (ঙ) বলে “আগাম আয়কর” শব্দগুলির পরিবর্তে প্রতিস্থাপিত।

এতদুদ্দেশ্যে নির্ধারিত, কোন উপকরণের উপর প্রদত্ত সম্পূরক শুল্ক] ব্যতীত) ফেরত প্রদেয় হইবে;

[২৯][*********]

(ব) "সংশ্লিষ্ট কর্মকর্তা" অর্থ এইরূপ কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা যিনি এই আইনের অধীন কতিপয় দায়িত্ব পালনের জন্য বোর্ডের নিকট হইতে বোর্ড কর্তৃক জারীকৃত সরকারী গেজেটে প্রজ্ঞাপনের মাধ্যমে ক্ষমতাপ্রাপ্ত হইয়াছেন;

[৩০][(ভ) "সর্বমোট প্রাপ্তি" অর্থ করযোগ্য সেবা প্রদানকারী কর্তৃক প্রদত্ত সেবার বিনিময়ে মূল্য সংযোজন কর [৩১]["* * * * * *"] ব্যতীত কমিশন বা চার্জসহ প্রাপ্য বা প্রাপ্ত সমুদয় অর্থ;" ।]

[৩২][দফা (ম) এর পরিবর্তে নিম্নরূপ দফা (ম) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(ম) "সরবরাহ" অর্থে ধারা ১৫ ও ১৭ এর অধীনে নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য কোন ব্যক্তি কর্তৃক বাংলাদেশে প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য বা প্রদত্ত বা আমদানিকৃত সেবা বা আমদানিকৃত, ক্রয়কৃত, অর্জিত বা অন্য কোনভাবে সংগৃহীত পণ্যের বা সেবার ক্ষেত্রে পণের বিনিময়ে বিক্রয়, হস্তান্তর বা পণের বিনিময়ে অন্য কোন উপায়ে উক্তরূপ পণ্যের বা সেবার নিষ্পত্তিকরণ; এবং নিম্নবর্ণিত কার্যাবলীও ইহার অন্তর্ভুক্ত হইবে–

(অ) ব্যবসায় কার্য পরিচালনা কালে অর্জিত, প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্যের বা সেবার ব্যক্তিগত, ব্যবসায় সংক্রান্ত বা ব্যবসায় বহির্ভূত কার্যে ব্যবহার;

(আ) কোন ব্যক্তির ঋণ পরিশোধের নিমিত্তে কোন পণ্যের বা সেবার নিলাম বা বিলিবন্দেজ;

(ই) কোন ব্যক্তির নিবন্ধন বাতিলের অব্যবহিত পূর্বে তৎকর্তৃক কোন করযোগ্য পণ্যের দখল;

(ঈ) পণ্যের প্রস্তুত বা উৎপাদন বা ব্যবসায়স্থল হইতে পণ্য খালাস বা অপসারণ;

(উ) সরকার কর্তৃক, প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত অন্য কোন প্রকার লেনদেন;]

[৩৩][(য) "স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়" অর্থ [৩৪][রাজস্ব কর্মকর্তা], মূল্য সংযোজন কর এর কার্যালয়, মূল্য সংযোজন কর বৃহৎ করদাতা ইউনিট এর আওতাধীন [৭][রাজস্ব কর্মকর্তা] এর অধীনে ন্যস্ত যে কোন শাখা এবং বোর্ড কর্তৃক সরকারী গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, নির্ধারিত অন্য কোনো কার্যালয়;]

[৩৫][(র) "স্পেশাল জজ" অর্থ "Criminal Law Amendment Act, 1958 (Act No. XL of 1958) এর section 3 এর sub-section (1) এর অধীন নিযুক্ত Special Judge;]

[৩৬][(ল) "রপ্তানী" অর্থ বাংলাদেশের অভ্যন্তর হইতে বাংলাদেশের অধিক্ষেত্রাধীন সমুদ্র অঞ্চলসহ উহার ভৌগলিক সীমারেখার বাহিরে কোন পণ্য বা সেবা সরবরাহ; এবং

[৩৭][(শ) "রপ্তানিকৃত বলিয়া গণ্য" অর্থে নিম্নবর্ণিত পণ্য বা সেবা অন্তর্ভুক্ত হইবে, যথাঃ-

(অ) বাংলাদেশের অভ্যন্তরে ভোগ বা সরবরাহের জন্য অভিপ্রেত নয় এইরূপ পণ্য বা সেবা

---

[২৯] । অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৫(ঘ) বলে দফা (ফফ) বিলুপ্ত।

[৩০] । অর্থ আইন, ২০০২ (২০০২ সনের ১৪ নং আইন) এর ধারা ৭৫(ঙ) বলে দফা (ভ) এর পরিবর্তে নতুন দফা (ভ) প্রতিস্থাপিত।

[৩১] । অর্থ আইন, ২০০৬ (২০০৬ সনের ২২ নং আইন) এর ধারা ৩১(২) বলে "বা আগাম আয়কর" শব্দগুলি বিলুপ্ত।

[৩২] । অর্থ আইন, ২০১০ (২০১০ সনের .... নং আইন) এর ধারা ৭১(গ) বলে দফা (ম) এর পরিবর্তে নতুন দফা (ম) প্রতিস্থাপিত।

[৩৩] । অর্থ অধ্যাদেশ, ২০০৭ (২০০৭ সনের ১০ নং অধ্যাদেশ) এর ধারা ৫৮(ক) বলে দফা (য) এর পরিবর্তে দফা (য) প্রতিস্থাপিত।

[৩৪] । অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭১(ঘ) বলে "সুপারিনটেনডেন্ট" শব্দটির পরিবর্তে "রাজস্ব কর্মকর্তা" শব্দগুলি প্রতিস্থাপিত।

[৩৫] । অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭১(চ) বলে বিলুপ্ত দফা (র) এর পরিবর্তে নতুন দফা (র) সন্নিবেশিত।

[৩৬] । অর্থ আইন, ২০০৯ (২০০৯ সনের ৩৬ নং আইন) এর ধারা ৪৬(ছ) বলে দফা "(ল)" ও দফা "ব" সংযোজিত।

[৩৭] । অর্থ আইন, অর্থ আইন, ২০১০ (২০১০ সনের ৩৩ নং আইন) এর ধারা ৭১(ছ) বলে দফা (ব) এর পরিবর্তে নতুন দফা (শ) সন্নিবেশিত।

উৎপাদনে, ব্যবস্থাপনায়, পরিবহনে বা বিপণনে প্রয়োজনীয় কাঁচামাল, যন্ত্রপাতি, অবকাঠামো বা অন্য কোন বস্তু যা বিদেশী মুদ্রায় বিনিয়োগ বা সরাসরি বিদেশ হইতে প্রত্যাবাসিত বৈদেশিক মুদ্রার বিনিময়ে সরবরাহ করা হয় এবং পানি, বিদ্যুৎ, গ্যাস, টেলিফোন বা উপকরণ হিসেবে ব্যবহৃত হয় অন্য যে কোন সেবা; এবং

(আ) কোন আন্তর্জাতিক চুক্তি বা সমঝোতা স্মারকের আওতায় কর আরোপ না করার সুনির্দিষ্ট শর্তে, বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, বৈদেশিক মুদ্রার বিনিময়ে বাংলাদেশের অভ্যন্তরে সরবরাহকৃত পণ্য বা সেবা।”]